দৈনিক সংবাদ

তারিখ 24 NOV 1998
পৃষ্ঠা
কলাম

# শরীয়তপুরে শিক্ষার জন্য খাদ্য কর্মসূচি বন্ধ ।। ৪২ হাজার দুস্থ পরিবার ভিজিএফ কার্ড পায়নি

শরীয়তপুর, ২৩শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– জেলার ৬টি থানার ১৪টি ইউনিয়নের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রবর্তিত শিক্ষার জন্য খাদ্য কর্মসূচি দীর্ঘ ৫ মাস ধরে বন্ধ, অথচ এ কর্মসূচির তালিকায় নাম অন্তর্ভুক্ত থাকার কারণে ৪২ হাজার দুস্থ পরিবার গেল ভয়াবহ বন্যার সময় বা পরে কোন ভিজিএফ বা ভজিডি কার্ড পায়নি।

সরকার ১৯৯৬ সালের সেপ্টেম্বর থেকে শিক্ষার জন্য খাদ্য কর্মসূচি চালু করে। শরীয়তপুরের ৬টি থানায় এ কর্মসূচির আওতাভুক্ত করা হয় ১৪টি ইউনিয়নের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দুস্থ পরিবারের ৪০% ছাত্রছাত্রীকে। এতে শরীয়তপুরের সবচেয়ে বেশি দুস্থ প্রায় ৪২ হাজার পরিবার উপকৃত হয়। সরকারি নিয়ম অনুযায়ী শিক্ষার জন্য খাদ্য কর্মসূচিতে নাম অন্তর্ভুক্ত থাকলে ওই পরিবার ভিজিএফ বা ভিজিডি কার্ড পাবে না। সে কারণেই সবচেয়ে বেশি দুস্থ পরিবারগুলো বন্যার সময় বা বন্যার পর ভিজিএফ বা ভিজিডি কার্ডের সুযোগ থেকে বঞ্চিত রয়েছে। শিক্ষার জন্য খাদ্য কর্মসূচিতে কোন খাদ্য বরাদ্দ না মেলায় বর্তমানে ওই সকল দুস্থ পরিবার অর্থনৈতিক সংকটে পড়ে মানবেতর দিন কাটাচ্ছে। এবং কর্মসূচিটি পুনরায় শুরু হবে কি হবে না এ ব্যাপারে অনিশ্চয়তা দেখা দিয়েছে।